**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**4 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১) আসামে জন্ম গ্রহণ করা লোকেরাই শুধুমাত্র সরকারী চাকুরী লাভ করতে পারেন সেই উদ্দেশ্যে রাজ্য সরকার নতুন বাসিন্দা নীতি প্রনয়ণ করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।

২) জাতীয় শিক্ষা নীতি ২০২০-র চতুর্থ বর্ষপূর্তীর সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যে আগামীকাল থেকে শিক্ষা সপ্তাহ পালন ।

৩) রাজ্য সরকার টিউটর শিক্ষকদের সমস্যা সমাধানের জন্য পদক্ষেপ গ্রহণ করবে বলে শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগুর মন্তব্য এবং

৪) প্যারিস অলিম্পিকের পুরুষ হকির কোয়ার্টার ফাইনালে গ্রেটব্রিটেইনকে পরাজিত করে ভারতের সেমিফাইনালে প্রবেশ । বক্সিংএর ৭৫ কিলোগ্রাম শাখার কোয়ার্টার ফাইনালে আসামের লাভলিনা বরগোহাইর পরাজয় ।

---

রাজ্যসরকার নতুন বাসিন্দা নীতি প্রণয়ন করবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । এই নীতির অধীনে রাজ্যে জন্মগ্রহণ করা লোকেরা সরকারী চাকুরী লাভ করবে ।মূখ্যমন্ত্রী ড.শর্মা সেইসঙ্গে লাভ জিহাদ সম্পর্কীত মামলাগুলির জন্য নতুন আইন প্রণয়ন করার বিষয়ে রাজ্য সরকার গুরুত্ব আরোপ করবে বলে মন্তব্য করেন ।

---

জাতীয় শিক্ষানীতি ২০২০-র চতুর্থ বর্ষপূর্তির সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যে আগামীকাল থেকে ১১ আগষ্ট পর্যন্ত শিক্ষা সপ্তাহ পালন করা হবে । সমগ্র শিক্ষা আসামের মিশন সঞ্চালক প্রত্যেক দিন একটি করে পৃথক বিষয়বস্তুর অধীনে এই কার্যসূচি গ্রহণ করার জন্য বিদ্যালয়গুলির প্রতি নির্দেশনা জারী করেছে । এই অনুসারে আগামীকালের দিনটি শিক্ষণ-শিক্ষা সামগ্রী দিবস , ৬ আগষ্ট এফ এল এন

দিবস , ৭ আগষ্ট দিনটি ক্রীড়া দিবস , ৮ আগষ্ট সাংস্কৃতিক দিবস , ৯ আগষ্ট দক্ষতা ও ডিজিট্যাল পদক্ষেপ দিবস , ১০ আগষ্ট বিদ্যালয় পরিপুষ্টি দিবস এবং ১১ আগষ্ট দিনটিকে সম্প্রদায় সংযুক্তিকরণ দিবস হিসেবে পালন করতে বিদ্যালয়গুলিকে নির্দেশ দেওয়া হয়েছে । জাতীয় শিক্ষা নীতি ২০২০-র মাধ্যমে শিক্ষা গজতে আসা পরিবর্তণ তথা সফলতা সমূহ এই কার্যসূচির মাধ্যমে প্রতিফলিত করার উদ্দেশ্য গ্রহণ করা হয়েছে ।

---

আসাম প্রদেশ বিজেপির বর্ধিত কার্যনির্বাহক সভা আজ গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রের আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়েছে ।সভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ায় ধন্যবাদসূচক প্রস্তাব সহ অভিনন্দন জ্ঞাপন করা হয় । সভায় বিগত লোকসভা নির্বাচনের ফলাফল মূল্যায়ন করা হয় ।এছাড়া সভায় রাজ্যের পাঁচটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন এবং পঞ্চায়েত নির্বাচনের জন্য দলীয় কার্য প্রণালির বিষয়ে আলোচনা করা হয় ।রাজ্য বিজেপি সভাপতি ভবেশ কলিতার পৌরহিত্যে অনুষ্ঠিত কার্যনির্বাহক সভায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু , কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা ,রাজ্য বিজেপির নবনিযুক্ত প্রভারী হরিশ দ্বিবেদী সহ রাজ্য বিজেপির কর্মকর্তা , সাংসদ , বিধায়করা উপস্থিত ছিলেন । সভায় বিকশিত ভারতের যাত্রা অব্যাহত রেখে জাতীয় , রাজ্য ও তৃণমূল পর্যায়ে দলকে শক্তিশালী করে তোলা সহ সাংগঠনিক ভীত মজবুত তথা দলীয় নীতির প্রচার ও প্রসারের লক্ষ্যে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয় । সভায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নেতৃত্বাধীন সরকারের গ্রহণ করা জনকল্যাণমুখী কাজকর্ম রূপায়নের ক্ষেত্রে দায়বদ্ধ থাকা দলীয় কর্মীদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয় ।

---

রাজ্য সরকার টিউটর শিক্ষকদের সমস্যা সমাধানের জন্য চিন্তা-ভাবনা করছে বলে শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগু জানিয়েছেন । সারা আসাম ডি এল এড টিউটর সংস্থার একটি প্রতিনিধি দলের সঙ্গে জনতা ভবণে আয়োজিত এক বৈঠকে অংশ নিয়ে শিক্ষামন্ত্রী তাদের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন । আলোচনার পর শিক্ষামন্ত্রী টিউটর শিক্ষকদের সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকার পদক্ষেপ গ্রহণ করবে বলে সামাজিক মাধ্যম যোগে জানিয়েছেন । এদিকে সারা আসাম অপ্রাদেশিকৃত শিক্ষক-কর্মচারী সংস্থার একটি প্রতিনিধি দলের সঙ্গে পৃথক আরো একটি বৈঠকে অংশ নিয়ে শিক্ষামন্ত্রী রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠান প্রাদেশিকরণের বিষয় নিয়েও আলোচনা করেন ।

---

৩২তম আর্ন্তজাতিক কৃষি সম্মিলনে বিদেশ থেকে আগত প্রতিনিধিরা ভারতের কৃষি সম্ভাবনা এবং এর সামগ্রিক বিকাশের প্রশংশা করেছেন । ৬ দিনব্যাপী এই সম্মিলনে অংশ গ্রহণ করা বিভিন্ন দেশের বিশিষ্ট প্রতিনিধিরা কৃষিক্ষেত্রে ভারতের সাফল্য এবং উদ্ভাবন মূলক পদক্ষেপেরও ভূয়সী প্রশংসা করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুনদিল্লীতে এই সম্মিলনের আনুষ্ঠানিক উদ্বধন করেন । সম্মিলনে বিশ্বের ৭৫টি দেশের প্রতিনিধিরা অংশ গ্রহণ করেছেন । বাংলাদেশের প্রতিনিধি মহাম্মদ হাসিম বিশ্ব কৃষি প্রেক্ষাপটে ভারতের বর্তমান স্থিতি প্রসঙ্গ উত্থাপন করে বলেন যে ভারত বিভিন্ন কৃষি সামগ্রী উৎপাদনে এই মূহুর্তে বিশ্ব নেতৃত্ব বহণ করছে । তিনি বলেন যে ভারতের বৈচিত্রময় পরিবেশতন্ত্র এবং শিক্ষা পরিকাঠামো কৃষি ক্ষেত্রের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে । কেনিয়ার প্রতিনিধি ডক্টর মাকওয়াল বলেন যে কৃষিক্ষেত্রে ভারতের দ্রুত বিকাশ হচ্ছে এবং এই ক্ষেত্রে ভারতের গবেষণা প্রশংসার দাবী রাখে ।

---

ভারতীয় পুরুষ হকী দল প্যারিস অলিম্পিকের কোয়ার্টার ফাইনালে ব্রিটেইনকে ৪-২ গোলের ব্যাবধানে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করেছে । অন্যদিকে টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ পদক জয়ী লাভলীনা বরগোহাই প্যারিস অলিম্পিকের মহিলা বক্সিং-এর ৭৫ কিলোগ্রাম ওজন শাখায় চীনের লী কিয়ানের কাছে সেমিফাইনালে পরাজিত হয়েছে । এদিকে , পুরুষের বেডমিন্টন সিঙ্গোলসের সেমিফাইনালে ভারতের লক্ষ্য সেন ডেনমার্কের ভিক্টর এক্সেলসেনের কাছে পরাজিত হয়েছে । লক্ষ্য সেন আগামীকাল মালয়েশিয়ার লী জি জিয়ার বিরুদ্ধে ব্রোঞ্জ পদকের জন্য লড়াইয়ে অবতীর্ণ হবে ।

---

বরপেটার ফকররুদ্দিন আলী আহমেদ চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালের অধ্যক্ষ ডাক্তার রমেন তালুকদার ওই প্রতিষ্ঠানের চিকিৎসার মাশুল সম্প্রতি বৃদ্ধি করা হয়েছে বলে জানিয়েছেন । তিনি জানিয়েছেন যে ২০০2 সালে শেষবারের জন্য মাশুল বৃদ্ধি করার পর এবার চিকিৎসার সঙ্গে যুক্ত সব ধরণের ব্যায় সামান্য পরিমাণে বৃদ্ধি করা হয়েছে । বেসরকারী চিকিৎসালয়গুলিতে ব্যায় জরীপের ভিত্তিতে জনসাধারণের যাতে কোন ধরণের অসুবিধা না হয় সেজন্য রক্ত পরীক্ষা , এক্সরে থেকে পেয়িং কেবিন পর্যন্ত কয়েকটি ক্ষেত্রে মাশুলের পরিমাণ সামান্য বৃদ্ধি করা হয়েছে । আয়ুষ্মান কার্ড থাকা রোগী সম্পর্কে তিনি বলেন যে তারা আগের মতই এখনও বিনামূল্যে চিকিৎসা সেবা লাভ করবেন তবে যাদের এই কার্ড নেই তাদের বর্ধিত মূল্য দিতে হবে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান ( আই এম ডি ) সূত্রে জানানো হয়েছে যে আগামী ১০ আগষ্ট পর্যন্ত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির বিভিন্ন অঞ্চলে বিক্ষিপ্তভাবে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । ওই সময় দেশের অন্যান্য কয়েকটি রাজ্যে বজ্র-বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলেও আই এম ডি টি ওই রাজ্যগুলিকে সতর্ক করে দিয়েছে । উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে

আগামী ১০ আগষ্টের পর আবহাওয়ার সামান্য পরিবর্তন হওয়ার সম্ভাবনা রয়েছে বলে সূত্রে উল্লেখ করা হয়েছে ।

---

চলতি বছরে এ পর্যন্ত ৪ লক্ষ ৯০ হাজার তীর্থযাত্রী পবিত্র অমরনাথ গুহা দর্শন করেছেন । আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে ১ হাজার ১শো ১২ জনের তীর্থযাত্রীর ৩৮তম দলটি আজ ভগবতী নগর যাত্রী নিবাসের মূল শিবির থেকে অমরনাথ গুহা দর্শনের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে । এই দলটিতে ৯শো ১০ জন পুরুষ , ১শো ৫৯ জন মহিলা এবং ৩১ জন সাধু ও ১২ জন সাধবী রয়েছেন । এর মধ্যে ২শো ৪০ জন তীর্থযাত্রী অন্য আরো একটি পথ অনুসরণ করে অমরনাথ গুহার উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সুরক্ষা বাহিনী ট্রেনে নিষিদ্ধ  সামগ্রী পরিবহন করার বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখার সময় চলতি বছরের জানুয়ারী থেকে জুলাই মাস পর্যন্ত ১৯ কোটি টাকারও অধিক মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার করেছে । নিষিদ্ধ সামগ্রী ট্রেনে পরিবহন করার অভিযোগে এপর্যন্ত ২৬১ জন ব্যাক্তিকে আটক করা হয়েছে । উল্লেখ্য বিগত বছরের জানুয়ারী থেকে ডিসেম্বর মাস পর্যন্ত উত্তর-পূর্ব সীমান্ত রেল সুরক্ষা বাহিনী ২৫ লক্ষ ৪৩ কোটি টাকারও অধিক মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার করেছিলো এবং এধরণের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ৩৯২ জন ব্যাক্তিকে আটক করেছিলো ।

---

হাইলাকান্দি জেলায় খাজনা আদায়ের উদ্দেশ্যে চলতি আগস্ট মাস ব্যাপী বিভিন্ন স্থানে শিবির স্থাপন করা হবে । এরই অঙ্গ হিসেবে আগামীকাল ও পরশু সৈদবন্দ জি পি কার্যালয়ে ,দিননাথপুর জি পি কার্যালয়ে ,ভাওয়ারঘাট জি পি কার্যালয়ে ও ভাটিরকুপা জি পি কার্যালয়ে  এবং আগামী ৭ ও ৮ আগস্ট পশ্চিম মোহনপুর জি পি ,হরিশনগর জি পি ,রাজ্যেশ্বরপুর জি পি এবং বোয়ালীপার জি পিতে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে এরপর নির্ধারিত তারিখ অনুযায়ী বিভিন্ন স্থানে খাজনা আদায় শিবির চলবে । শিবিরগুলিতে জমির মালিকদের তাদের জমির বকেয়া ও চলতি বছরের খাজনা জমা দিতে তহশিলদারের বিজ্ঞপ্তিতে আহ্বান জানানো হয়েছে ।

---

আসাম বিশ্ববিদ্যালয় তপশিলি জাতি এবং উপজাতি কর্মচারী কল্যান পরিষদের পক্ষ থেকে ২০২৪ সালের মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সম্বর্ধনা প্রদান করা হয় ।সংস্থার সভাপতি ডঃ রামচন্দ্র দাসের পৌরহিত্যে আজ লিংকরোডে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের বিজনেস এডমিনিস্ট্রেটিভ বিভাগের অধ্যাপক ডঃ অমৃতলাল ঘোষ ।

---

মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল টুর্নামেন্ট ২০২৪ আজ থেকে ধলাইর বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে শুরু হয়েছে ।আজকের উদ্বোধনী খেলায় নুতন বাজার এফ সি দল ২-০ গোলের ব্যবধানে ইন্ডিয়ান এফসি চান্নিঘাট দলকে পরাজিত করেছে ।উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বরাক উপত্যাকা ক্রীড়া সাংবাদিক সংস্থার সাধারণ সম্পাদক বিশ্বনাথ হাজাম ,জেলা ক্রীড়া সংস্থার পরিচালন কমিটির সদস্য চন্দন শর্মা প্রমুখ ।প্রতিযোগিতায় আগামীকালের খেলায় পাওয়া এফসি দল পানিসাগর মোকাম এফসি দলের মুখোমুখি হবে ।

---

---